

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
 www.fid.gov.bd

বিষয়: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২২-২৩ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর)/২২ প্রতিবেদন।


আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২২-২৩ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২২) গত ২৯ জুন ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হয়। এ ক্ষেত্রে বিগত সভার কমিটি কর্তৃক যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় তা বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:

বিগত জুন/২০২২ (৪র্থ ত্রৈমাসিক) মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ বিভাগের ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয় এবং সিটিজেনস চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি তিনমাস অন্তর এ বিভাগের সেবাসমূহ দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা অব্যাহত রাখতে হবে।	শতভাগ
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ প্রতি ত্রৈমাসিকের শেষ সপ্তাহে এতদসংক্রান্ত সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ১০০% বাস্তবায়নের জন্য ০৮ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়।	সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করতে হবে।	শতভাগ
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য ৪র্থ ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি গত ৩০.০৬.২০২২ তারিখে ওয়েবসাইটে হালনাগাদ করা হয়। এ ক্ষেত্রে সিটিজেনস চার্টার এ কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	শতভাগ
৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত সিটিজেনস চার্টারে লক্ষ্যমাত্রায় ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে। এ ক্ষেত্রে সিটিজেনস চার্টার এ কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য, ইতোমধ্যে ৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	শতভাগ
৫.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য সিটিজেনস চার্টার এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর বিপরীতে ২টি সভাই অনুষ্ঠিত হয়েছে। এ ক্ষেত্রে সিটিজেনস চার্টার এ কর্মসম্পাদন সূচকের মান ০৭ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সিটিজেনস চার্টার সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	শতভাগ

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.	এ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের অধিকাংশের সিটিজেনস্ চার্টার পর্যালোচনা করে দেখা যায় যে, সেবা প্রদান প্রতিশ্রুতিতে কার্যদিবসের ক্ষেত্রে দিন, সপ্তাহ, মাস ইত্যাদি ব্যবহার করেছে। কিন্তু সেবা প্রদানের সময়াবদ্ধ প্রতিশ্রুতিতে কার্যদিবস উল্লেখ করা প্রয়োজন।	এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতিতে দিন, সপ্তাহ ও মাস পরিহারপূর্বক কার্যদিবস উল্লেখ করে সিটিজেনস্ চার্টার সংশোধন করতে হবে।	শতভাগ
৭.	এ বিভাগের সিটিজেনস্ চার্টার কার্যক্রম সংক্রান্ত ত্রৈমাসিক চার কোয়ার্টারের অগ্রগতির প্রতিবেদন একীভূত করে মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রমাণকসহ প্রেরণের জন্য সভাপতি মহোদয় আলোচনা ও গুরুত্বারোপ করেন।	সেবা প্রদান প্রতিশ্রুতিতে মোট চারটি কোয়ার্টারের অগ্রগতির প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে হার্ডকপি এবং সফটকপি যথাসময়ে প্রেরণ করতে হবে।	শতভাগ

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (মোঃ গোলাম মোস্তফা)
 উপসচিব
 ও
 সদস্য সচিব
 সিটিজেনস্ চার্টার কমিটি
 ফোন: ৯৫১৩৫০০